

🔴 ভিডিও

📷 ছবি

🔴 ভিডিও

---

শিক্ষা

নটর ডেম কলেজের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, শিক্ষার্থীদের জন্য  
নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

---



নটর ডেম কলেজ

প্রতিবছরের মতো এবারও দেশের অন্যতম শিক্ষাপ্রতিষ্ঠান নটর ডেম কলেজ একাদশে ভর্তিতে নিজস্ব প্রক্রিয়ায় পরীক্ষা নিয়েছে। ২০২৪-২০২৫ সেশনে উচ্চ মাধ্যমিকে (একাদশ-দ্বাদশ) ভর্তিতে নেওয়া সেই পরীক্ষার ফলাফলে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। আজ সোমবার (৩ জুন) কলেজের ওয়েবসাইটে ফল প্রকাশ করা হয়।

ফলাফল সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৪ জুন সকাল ৭টা থেকে ৬ জুন বিকেল ৫টার মধ্যে সরাসরি নটর ডেম কলেজের নিজস্ব ওয়েবসাইটে গিয়ে ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে। এ সময়ের মধ্যে ভর্তি সম্পন্ন না হলে ভর্তির আর কোনো সুযোগ থাকবে না। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন খালি থাকলে আগামী ৭ জুন দুপুর ১২টায় ভর্তির ২য় তালিকা কলেজ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এ বছর উচ্চ মাধ্যমিকের শিক্ষাপ্রতিষ্ঠানটি বিজ্ঞান বিভাগের বাংলা মাধ্যম-১৮০০, ইংরেজি ভাষানে ৩০০, মানবিক বিভাগে ৪১০ ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৭৬০ শিক্ষার্থী ভর্তি নেবে। এবারও মোট আসনের দেড়গুণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হয়েছে।

By using this site, you agree to our Privacy Policy.

এদিকে ২৫ মে রাত থেকে ৩০ মে বিকেল ৫টা পর্যন্ত নটর ডেম কলেজের নিজস্ব ওয়েবসাইট [ndc.edu.bd](http://ndc.edu.bd) থেকে অনলাইনে আবেদন করে শিক্ষার্থীরা। গত শুক্রবার (৩১ মে) পরীক্ষা হয়েছে। সেই পরীক্ষায় মনোনীতদের তালিকা আজ প্রকাশ করা হয়েছে।

\*নটর ডেম কলেজে ভর্তির ফল দেখুন এখানে



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো